

স্নাতকোত্তর অন্ত্য-সেমিস্টার পরীক্ষা, ২০২৫

(দ্বিতীয় বর্ষ, প্রথম সেমিস্টার)

সাম্মানিক বাংলা

কোর্স : পি জি - ৩.৫৭ (ঐচ্ছিক)

বিষয় : বাংলাদেশের কবিতা

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

১। ‘শামসুর রহমান ব’লে আছে একজন’-এর কথা শামসুর রাহমানের কবিতায় নানাভাবে ফিরে ফিরে আসে কেন? তোমার পাঠ্য কবিতাগুলি অবলম্বনে বিষয়টি আলোচনা করো। ১০

(অথবা)

২। শামসুর রাহমান ‘আসাদের শার্ট’ কবিতায় ‘গুচ্ছ গুচ্ছ রক্তকরবী’ বলতে কী বুঝিয়েছেন? কবির এই ‘পুস্পিত ইমেজ’ ব্যবহারের কি কোনো ব্যাখ্যা দেওয়া সম্ভব? কবিতাটি অবলম্বনে বুঝিয়ে দাও। ১০

৩। আল মাহমুদের ‘ফেরার পিপাসা’ আর ‘প্রত্যাবর্তনের লজ্জা’ কবিতাদুটিকে কি পরস্পরবিরোধী দুটি ভাষ্য বলে তোমার মনে হয়? ‘ফেরা’ বা ‘প্রত্যাবর্তন’ কথা দুটিকে সামনে রেখে তোমার বক্তব্য লেখো। ১০

BNG-1163

[Turn Over]

(২)

(অথবা)

৪। ‘লোক লোকান্তর’ নামের মধ্যেই একরকম বিরোধভাস আছে বলে কি তোমার মনে হয়? এ প্রসঙ্গে তোমার পড়া কবিতার ভিত্তিতে ‘লোক’, ‘লোকান্তর’ কথা দুটির ব্যবহার কীভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে লেখো। ১০

৫। রবীন্দ্রনাথ ঠাকুরকে নিয়ে বাংলাদেশে সাংস্কৃতিক জটিলতা অব্যাহত থাকলেও বাংলাদেশের কবিদের কাছে তিনি আজও ‘চেতনার বাতিঘর’ হয়ে রয়ে গেছেন। নির্মলেন্দু গুণ ও মহাদেব সাহার কবিতা অবলম্বনে মন্তব্যটি বিচার করো। ১০

(অথবা)

৬। মুক্তিযুদ্ধ বিষয়ক কবিতা বাংলাদেশের বাংলা কবিতার নিজস্ব সম্পদ। তোমার পড়া মুক্তিযুদ্ধের কবিতা অবলম্বনে বিষয়টি পর্যালোচনা করো। ১০

৭। বাংলাদেশের কোন আর্থ-সামাজিক প্রেক্ষাপটে কবির মনে হয়েছে ‘জুঁইফুলের চেয়ে শাদা ভাতই অধিক সুন্দর’? প্রেক্ষাপট বিশ্লেষণ করে কবির সমাজ-সচেতনতার পরিচয় দাও। ১০

(অথবা)

৮। বঙ্গবন্ধুর প্রতি অকৃত্রিম শ্রদ্ধা ও ভালোবাসা ‘আমি আজ কারো রক্ত চাইতে আসিনি’ কবিতায় কীভাবে শিল্পিত হয়ে উঠেছে আলোচনা করো। ১০

★ ★ ★

BNG-1163

XX24(113)—65